

শিক্ষার্থীদের বাড়ি ফিরতে বাস সার্ভিস দেবে ডাকসু

অনলাইন ডেক্স



ভূমিকম্পের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সব ধরনের ক্লাস-পরীক্ষা আগামী ১৫ দিন বন্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ রবিবার বিকেল ৫টার মধ্যে শিক্ষার্থীদের হল ছাড়তে নির্দেশনাও দেওয়া হয়েছে। এমন পরিস্থিতিতে শিক্ষার্থীরা যেন নির্বিঘ্নে বাড়ি ফিরতে পারে, সেজন্য বিভাগীয় শহরগুলোতে বাস সার্ভিস দেওয়ার ঘোষণা দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)।

রবিবার (২৩ নভেম্বর) ডাকসুর ছাত্র পরিবহন সম্পাদক আসিফ আব্দুল্লাহ তার ফেসবুক পোস্টে এ ঘোষণা দেন।

পোস্টে তিনি লেখেন, ‘বিভাগীয় শহরগুলোতে
বাস সার্ভিস দেওয়া হবে ইনশাআল্লাহ। প্রসেস
চলমান রয়েছে।’ একই সঙ্গে কোন অঞ্চলের
বাস সার্ভিসের চাহিদা বেশি, তা জানাতেও
শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান তিনি।

এ বিষয়ে আসিফ আব্দুল্লাহ বলেন, আগামীকাল
(২৪ নভেম্বর) দুপুরের পর থেকে বিভাগীয়
শহরগুলোতে বাস সার্ভিস দেওয়া শুরু হবে।

শিক্ষার্থীদের প্রয়োজন ও চাহিদার ভিত্তিতেই বাস
বরাদ্দ করা হবে বলেও জানান তিনি।